দৈনিক বাংলা

তারিখ ১৯/৩/৮৩

পৃঃ ... কলাম ...

032

447

# এসএসসি পরীক্ষা ঃ মানিকগঞ্জে ১১ জন পরিদর্শক বহিষ্কৃত

(নিজস্ব সংবাদদাতা)

মানিকগঞ্জ, ১৮ই মার্চ।—এসএসসি পরীক্ষা কেন্দ্রে জোর করে প্রবেশে বাধা দেয়ায় ইটপাটকেল নিক্ষেপের ফলে কর্তব্যরত ৮ জন পুলিশ ও ৫ জন পরীক্ষার্থী আহত হয়েছে।

পরীক্ষার দ্বিতীয় দিনে ধামরাই কেন্দ্রে এই অপ্রীতিকর ঘটনা ঘটে। প্রকাশ, একজন মহিলা পরীক্ষার্থীর অভিভাবক উক্ত কেন্দ্রের ভেতরে ঢুকে পরীক্ষার কক্ষে গিয়ে একজন পরিদর্শককে নকল সরবরাহ করেন। এই ঘটনা পুলিশের চোখে পড়লে পুলিশ তড়িৎ গতিতে গিয়ে নকলসহ উক্ত পরিদর্শককে হাতেনাতে ধরে ফেলে। ঐ পরিদর্শককে ধরে নিয়ে পুলিশ কেন্দ্রের অফিসে নেয়ার চেষ্টা করলে নকল সরবরাহকারী ঐ অভিভাবক পুলিশকে বাড়াবাড়ি না করার জন্য সতর্ক করে। পুলিশ এ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১-এর পৃঃ পর)

কথায় কর্ণপাত না করে তাকে নিয়ে কেন্দ্র সচিবের কাছে যাওয়ার সময় একদল উচ্ছৃংখল যুবক কেন্দ্রে ঢুকে পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ শুরু করে। ইটপাটকেল পরীক্ষাকক্ষেও গিয়ে পড়ে।

এ ঘটনার পর দিন আবার এই কেন্দ্রের ভেতরে প্রবেশ ও নকল সরবরাহ করার অভিযোগে পুলিশ ৫ ব্যক্তিকে গেফতার করেছে।

এই কেন্দ্রের কর্মকর্তারা একজন পরিদর্শককে নকল সরবরাহের সঙ্গে জড়িত থাকার অভিযোগে বহিষ্কার করেছে।

এ তথ্য পরীক্ষা কেন্দ্র সচিব সূত্রে পাওয়া গেছে।

এদিকে ঢাকা সদর মহকুমা প্রশাসক জানান যে, ইংরেজী পরীক্ষার দিনে ১০ জন পরিদর্শককে কাজে গাফিলতির জন্য বহিষ্কার করা হয়েছে। ঐ দিন ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।